

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ অধিশাখা-৪।  
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৭.০২.০০৬.২০১৭- ১১৪

তারিখঃ

২৬ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয় সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য চীন গমনের অনুমতি।

সূত্রঃ পুলিশ অধিদপ্তরের পত্র নং-৪৪.০১.০০০০.০২২.০৩.০১১.১৭/১৯৩৮, তাং-২৫/০৩/২০১৭

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ১০ এপ্রিল, ২০১৭ হতে ১৪ এপ্রিল, ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ০৪ (চার) দিনের জন্য ১০,০০০ (দশ হাজার) পিস Splinter Proof Jacket For Male ক্রয়ের বিষয়ে Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে মোঃ কামাল হোসেন উপসচিব, জননিরাপত্তা বিভাগ এবং পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোহাম্মদ আশরাফ ইমাম, সিপিও টু আইজিপি, পুলিশ হেডকোয়ার্টার্স কে চীন গমনের সরকারী অনুমতি জ্ঞাপন করছি।

শর্তবলীঃ

- (ক) উল্লেখিত FAT কার্যক্রমে অংশগ্রহণকারী কর্মকর্তাদ্বয়ের যাতায়াত, থাকা-খাওয়াসহ চীনে অবস্থানের যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান M/S Belal & Brothet's বহন করবে।
  - (খ) তাঁদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিটসময়সহ) কর্তব্যকাল হিসাবে গণ্য হবে।
  - (গ) উক্ত FAT কার্যক্রমে অংশগ্রহণের জন্য তারা বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবে না।
  - (ঘ) তারা ০৯-০৪-২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং FAT কার্যক্রম শেষে আগামী ১৫-০৪-২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।
  - (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তাঁরা পুলিশ অধিশাখা-৪, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১১/৪

নিরোদ চন্দ্র মন্ডল  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৪৫১৭

নং-৪৪.০০.০০০০.০৯৭.০২.০০৬.২০১৭- ১১৪

তারিখঃ

২৬ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারের নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরে জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির নিমিত্ত প্রয়োজনীয় নোট ভারব্যাল জারীর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটশীটের ছায়পালিপি সংযুক্ত)।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পুলিশ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব, প্রশাসন -১, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১০। জনাব.....

১১/৪  
নিরোদ চন্দ্র মন্ডল  
উপসচিব